



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নোটিশ



স্মারক নং: পনি/পিএ-৬৫৩

তারিখ : ৩১-০৫-২০২২ খ্রি.


বিষয় : অভিযোগনামার পরিপ্রেক্ষিতে গঠিত তদন্ত বোর্ডের নিকট সশরীরে উপস্থিত হয়ে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে বক্তব্য পেশ করা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৪-২০২২ খ্রি. তারিখে পনি/পিএ-৬৫০ সংখ্যক স্মারকে রেজিস্টার ডাকযোগে আপনার স্থায়ী ঠিকানায় একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রে আপনাকে ১৮-০৫-২০২২ খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় অথবা অবহিতকরণ সাপেক্ষে তৎপূর্বে এ বোর্ডের গঠিত তদন্ত বোর্ডের সম্মুখে (পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তর, কক্ষ নং-৩১২) সশরীরে উপস্থিত হয়ে আত্মপক্ষ সমর্থনে আপনার বক্তব্য উপস্থাপন করার জন্য বলা হয়েছিল। কিন্তু উক্ত পত্রটি পোস্ট অফিস কর্তৃক ফেরত আসে। সেকারণে তদন্ত বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় পত্র প্রেরণ করা হলো।

আপনি মো: আব্দুস সালাম এ বোর্ডের হিসাব সহকারী, (হিসাব প্রদান শাখা) পদে দায়িত্ব পালনকালে বোর্ডের (০৭-১০-২০২১ খ্রি. তারিখে অডিট বিভাগের নিরীক্ষণ) এসটিডি হিসাব নং-০৫১৬৫২৫, ০৫১৬৬৮২, ০৫১৬৭৮৭, ০৫১৭২৪৩, ০৫১৭২৫৪, ০৫১৮৫৫৫, ০৫১৮৭৫৫, ০৫১৮৭৭৫, ০৫১৯০০৮) ২,৫০,৪৪,১০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ চুয়াল্লিশ হাজার দশ) টাকা জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ করেছেন। উল্লেখ্য আপনি গত ১০-১০-২০২১ খ্রি. তারিখে লিখিত পত্রে এই ঘটনায় একমাত্র আপনিই জড়িত বলে স্বীকার করেছেন এবং বোর্ডের তহবিলে দুই কিস্তিতে যথাক্রমে সোনালী ব্যাংক, বিআইএসই শাখা, যশোর-এর ১০-১০-২০২১ খ্রি. তারিখের পে অর্ডার নং ৫০০৯৯৬০-এর মাধ্যমে ১৫,৪২,০০০/- (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা এবং সোনালী ব্যাংক, যশোর কর্পোরেট শাখার ১৮-১০-২০২১ খ্রি. তারিখের পে-অর্ডার নং ৪২২৯৩৩১-এর মাধ্যমে ১৫,৯৮,০০০/- (পনের লক্ষ আটানব্বই হাজার) টাকা ফেরত প্রদান করেছেন এবং অবশিষ্ট অর্থ পরবর্তীতে পর্যায়ক্রমে ফেরত প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন। এ ছাড়াও তদন্ত প্রতিবেদন অনুযায়ী দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছর হতে সর্বমোট ৩৮ টি চেকের মাধ্যমে প্রায় ০৭ (সাত) কোটি টাকা জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ করা হয়েছে যাতে আপনি জড়িত মর্মে উল্লেখ করা হয়েছে। আপনার এরূপ কর্মকাণ্ডের জন্য যশোর শিক্ষা বোর্ড আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, জনস্বার্থ বিঘ্নিত হয়েছে, এবং বোর্ডের মর্যাদা ও সুনাম ক্ষুণ্ণ হয়েছে। এ বোর্ডের একজন দায়িত্বশীল কর্মচারী হিসেবে আপনার এহেন কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(ঘ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর চাকুরী বিধিমালা ১৯৯৭ এর ৩৫ এর উপবিধি (ঙ) এবং ০২ (ক) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ মর্মে সংশ্লিষ্ট কাজের জন্য আপনাকে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে গত ২২-০২-২০২২ খ্রি. তারিখে অভিযোগনামা গঠন করা হয়। উক্ত অভিযোগনামায় আপনাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করে লিখিত জবাব প্রদানের জন্য বলা হয় এবং গঠিত অভিযোগনামার পরিপ্রেক্ষিতে আপনি গত ০৯-০৩-২০২২ খ্রি. তারিখে লিখিত জবাব প্রদান করেছেন যা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বলে বিবেচিত হয়নি।

যেহেতু আপনার জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি সেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য একটি তদন্ত বোর্ড গঠন করা হয়েছে। উপর্যুক্ত বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ বোর্ডের গঠিত তদন্ত বোর্ডের সম্মুখে (পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তর, কক্ষ নং-৩১২) সশরীরে উপস্থিত হয়ে আত্মপক্ষ সমর্থনে আপনার বক্তব্য উপস্থাপন করার জন্য আপনাকে পুনরায় বলা হলো।

জনাব মো: আব্দুস সালাম
হিসাব সহকারী (সাময়িক বরখাস্তকৃত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
স্থায়ী ঠিকানা- বাড়ি নং-১৪১, ব্লক-ই,
ডাকঘর-শিক্ষা বোর্ড, যশোর।


৩১/০৫/২০২২
(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

আইবায়ক

গঠিত তদন্ত বোর্ড

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

মোবা : ০১৭৩৩২২২০০৩

০১৭১২০৯৯৯৪৪